গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সিলেট সদর, সিলেট
www.sylhetsadar.sylhet.gov.bd

স্মারক নম্বর- ৩১.৪৬.৯১৬২.০০০.৩২.০১১.২৫.৬৩

তারিখঃ ২০ পৌষ ১৪৩২
০৪ জানুয়ারি ২০২৬

**সিলেট জেলার সদর উপজেলাধীন ২০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ জলমহাল সমূহের ১৪৩৩ বাংলা সন হতে ১৪৩৫ বাংলা সন পর্যন্ত ইজারা বিজ্ঞপ্তি**

এতদ্বারা প্রকৃত নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিলেট সদর উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন নিম্নবর্ণিত জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ এর আলোকে ১৪৩৩ বাংলা সন হতে ১৪৩৫ বাংলা সন মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি/প্রকৃত জেলে/যুবসমিতির নিকট হতে নির্ধারিত ফরমে অনলাইনে আবেদন আহবায়ন করা যাচ্ছে।

০২. জলমহাল ইজারা কার্যক্রম অংশগ্রহণের লক্ষ্যে jm.lams.gov.bd লিংকে রেজিষ্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করা যাবে। তাছাড়া জলমহালের আবেদন বিজ্ঞপ্তি www.sylhetsadar.sylhet.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে। ইজারাযোগ্য জলমহালের সিডিউল ও শর্তাবলি নিম্নরুপ।

**উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত (বদ্ধ) সরকারি জলমহাল ব্যবস্থাপনা সিডিউল:**

| ক্রমিক নং | অনলাইনে আবেদন দাখিলের সময়কাল | মন্তব্য |
|---|---|---|
| ০১. | ১৪৩১ বাংলার ০১ মাঘ হতে ১৫ মাঘ ১৪৩১ বাংলা তারিখের মধ্যে (১৫.০১.২০২৬ হতে ২৯.০১.২০২৬ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত) | jm.lams.gov.bd লিংকে রেজিষ্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী/ প্রকৃত জেলে/যুবসমিতি কর্তৃক অনলাইনে আবেদন দাখিল |
| ০২. | ১৮ মাঘ ১৪৩১ বাংলা পর পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে (০১.০২.২০২৬ হতে ০৩.০২.২০২৬ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত) | অনলাইনে দাখিলকৃত আবেদন প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাযুক্ত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না। |

**১৪৩৩ বাংলা সন হতে ১৪৩৫ বাংলা সন পর্যন্ত ইজারাযোগ্য জলমহালের তালিকা:**

| ক্র: নং | উপজেলার নাম | জলমহালের নাম | মৌজা | আয়তন (একরে) | ইউনিয়নের নাম ও ওয়ার্ড | সরকারী ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | সিলেট সদর | চাতল বিল | সত্র/২৬ | ০৫.৯৩ | ০২ নং হাটখোলা ইউ/পি ও ৭-৮ নং ওয়ার্ড | ১,৫৩৩/- | সিভিল রিভিশন ১৩৪/২০২৫ নং মামলাভুক্ত |
| ০২ | | চেঙ্গেরখাল | চাতল/৪০ | ০৮.৮৭ | ০৮ কান্দিগাঁও ইউ/পি ও ৪ নং ওয়ার্ড | ১,৬০৬/- | |
| ০৩ | | ভেড়া বিল (বড় ভেড়া ছোট ভেড়া) | পারকুল দক্ষিণ/৪০ রামকৃষ্ণপুর/৩২ | ১১.৮১ | ০৭ নং মোল্লারগাঁও ইউ/পি ও ১ নং ওয়ার্ড | ৮৪৫/- | |
| ০৪ | | চিরাখাই ধর বিল | বানাগাঁও/২৭ | ০৫.১০ | ০৭ নং মোল্লারগাঁও ইউ/পি ও ৯ নং ওয়ার্ড | ৯,৩০০/- | |
| ০৫ | | গেংগি বিল | চাতল/৪০ | ০৬.৭৮ | ০৬ টুকেরবাজার ইউ/পি ও ৪ নং ওয়ার্ড | ৫,৭৭৫/- | |
| ০৬ | | চাপড়া পেটুয়া বিল | বহর/৭০ | ১০.৫৮ | ৩৩ নং ওয়ার্ড, সিলেট সিটি কর্পোরেশন | ১,৯৯৫/- | |
| ০৭ | সিলেট সদর | আন্দুয়া বিল | কেওয়াছড়া চা বাগিছা/৫৭ | ১০.০০ | ৩ নং খাদিমনগর ইউ/পি ও ৫ নং ওয়ার্ড | ১৭,৩৬৫/- | |
| ০৮ | | কালিয়া বিল প্রকাশ কাটুয়া বিল | আঙ্গারুয়া/৪১ | ০৩.৫১ | ০৬ টুকেরবাজার ইউ/পি ও ৪ নং ওয়ার্ড | ৩০৬/- | |
| ০৯ | | ত্রিকোনী বিল | বহর/৪০ | ১০.৯০ | ৩৩ নং ওয়ার্ড, সিলেট সিটি কর্পোরেশন | ১৯,৯২৯/- | |
| ১০ | | নলুয়া ও চাইয়া পাগলা | চাতল/৪০ | ০১.৬০ | ০৬ টুকেরবাজার ইউ/পি ও ৪ নং ওয়ার্ড | ২,৭৭৯/- | |
| ১১ | | গোয়ালী বিল | বহর/৭০ | ১২.০৭ | ৩৩ নং ওয়ার্ড, সিলেট সিটি কর্পোরেশন | ১৯২০৩/- | আংশিক মামলা ভূক্ত (স্বত্ব মামলা নং-৫৮৮/২০২৫) |
| ১২ | | চাতলা কাউতি বদনাছড়া | কালাগুল/৫৮ | ২০.০০ | ৩ নং খাদিমনগর ইউ/পি ও ৬ নং ওয়ার্ড | ৩৬৭৫/- | |

৪/১/২৬

খোশনুর রুবাইয়াৎ
উপজেলা নির্বাহী অফিসার
সিলেট সদর, সিলেট
ফোন ০৮২১-২৮৭০৪১০

## ইজারা প্রদানের শর্তাবলী

০১। জলমহালসমূহ কেবল নিবন্ধিত (সমবায়/সমাজসেবা অধিদপ্তর) কার্ডধারী প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির অনুকূলে ইজারা দেয়া হবে। তবে এক্ষেত্রে যুব মৎস্যজীবীদের (১৮-৩৫বছর) নিবন্ধিত সমিতি অগ্রাধিকার পাবে। কোনো অবস্থাতেই ব্যাক্তি বা অনিবন্ধিত সংঘটন আবেদন করতে পারবে না।

০২। অনলাইনে আবেদন দাখিলের ক্ষেত্রে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা' ২০০৯ এর পরিশিষ্ট'ক' এ উল্লেখিত আবেদন ফরম পূরণ করে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরম বাবদ উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট এর অনুকূলে ৫০০/- টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মূলকপি প্রিন্টেড কপির সাথে সংযুক্ত করে দাখিল করতে হবে, ইহা অফেরতযোগ্য।

০৩। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি যা সমবায় অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত, সে সমিতি বা সমিতিসম নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবেন এবং জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবেন। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবেন না।

০৪। নির্দিষ্ট ফরমে প্রতিটি মহালের জন্য পৃথক পৃথক আবেদন দাখিল করতে হবে। আবেদনপত্রের প্রতিটি কলাম স্পষ্টাক্ষরে যথাযথভাবে পূরণসহ প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে হবে। আবেদন ফরম ব্যবহারের মেয়াদ কেবলমাত্র নির্দিষ্ট তারিখ অর্থ্যাৎ যে তারিখের জন্য ক্রয় করা হবে সেই তারিখে এবং যে জলমহালের জন্য ক্রয় করা হবে শুধুমাত্র সে জলমহালের ক্ষেত্রে দাখিলের জন্য প্রযোজ্য হবে। নির্ধারিত তারিখের পূর্বে ক্রয়কৃত কোন আবেদন ফরম দাখিল করা হলে তা বাতিল বলে গণ্য হবে। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৫। আবেদনের সাথে সংশ্লিষ্ট জলমহালের ইজারামূল্যের ২০% (শতকরা হারে) জামানত হিসেবে উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অডার দাখিল করতে হবে। জামানতের অর্থ শেষ বছরের ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে।

০৬। আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী না হোন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য হিসেবে বিবেচিত হবে। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ জেলা/উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক (যেখানে যা প্রযোজ্য) প্রত্যয়নপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।

০৭। প্রকৃত মৎস্যজীবী সমিতি যারা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত, যেখানে প্রকৃত মৎস্যজীবী ছাড়া অন্য কোন সদস্য নেই তারাও আবেদনে অংশগ্রহণের জন্য উপযুক্ত বিবেচিত হবেন।

০৮। আবেদন দাখিলকারী সমিতি কর্তৃক বিগত ০২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধিত সংগঠন/সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন হবে না।

০৯। নির্দিষ্ট ফরমে আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সংগঠন/সমিতি তাদের সদস্যদের নামের তালিকা (ছবি ও ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন।

১০। আবেদনপত্রের সাথে সমিতির রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষের হালনাগাদ প্রত্যয়ন সংযুক্ত করতে হবে। তাছাড়া সমিতির রেজিস্ট্রেশন নম্বর ও তারিখ, সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, সমিতির সভার কার্যবিবরণী, সার্টিফিকেট মামলা নেই মর্মে হালনাগাদ প্রত্যয়ন পত্র ও ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য এবং সমিতির সকল সদস্যের সত্যায়িত ছবি ও জাতীয় পরিচয়পত্র/নাগরিক সনদনপত্র সংযোজন করতে হবে।

১১। জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখাসহ প্রয়োজনীয় তথ্য আবেদনের সাথে আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।

১২। যে সকল মৎস্যজীবী সমবায় সমিতির/সংগঠনের নিকট কোন জলমহালের বকেয়া রাজস্ব পাওনা রয়েছে অথবা যাদের বিরুদ্ধে জলমহাল রাজস্ব সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা আছে অথবা সংগঠন/সমিতির কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে তারা জলমহাল ইজারা সংক্রান্ত কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন না। এক্ষত্রে তথ্য গোপন করে অথবা ভুল তথ্য পরিবেশন করে কেহ যদি জলমহাল ইজারা কার্যক্রমে অংশগ্রহণ করেন তাহলে তা সংশ্লিষ্ট কর্তৃক বাতিল করা হবে এবং জামানতের অর্থসহ ইজারামূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

১৩। আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে আবেদনকারী স্বাক্ষর করবেন। আবেদনপত্রে কোন কাটা ছেঁড়া বা ঘষামাজা করা যাবে না। আবেদন ফরমে কোন প্রকার ফ্লুইড ব্যবহার করা যাবে না, অন্যথায় তা বাতিল বলে গণ্য হবে।

১৪। আবেদনপত্র ক্রয়ের রশিদ আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১৫। জলমহালসমূহ সাময়িক ইজারা প্রদান করা হয়ে থাকে, তাই জলমহালসমূহ যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় ইজারা দেয়া হবে। আবেদনকারীকে আবেদনপত্র দাখিলের পূর্বে সরেজমিন পরিদর্শন করে মহালের প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে আবেদন করতে হবে। পরবর্তীতে এ সংক্রান্ত কোন আবেদন/আপত্তি গ্রহণ করা হবে না।

১৬। খামের উপর সুস্পষ্টভাবে জলমহালের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

১৭। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে বন্দোবস্ত/ইজারাপ্রাপ্ত সংগঠন/সমিতিকে ১ম বছরের সাকুল্য ইজারামূল্য সিদ্ধান্ত প্রদানের ১৫(পনের) কর্মদিবসের মধ্যে একসাথে পরিশোধ করতে হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। নির্ধারিত তারিখের মধ্যে সম্পূর্ণ ইজারামূল্য পরিশোধে ব্যর্থ হলে বন্দোবস্ত/ইজারা বাতিল করা হবে এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

১৮। ০৩ (তিন) বৎসর মেয়াদে ইজারাকৃত মহালের ২য় ও ৩য় বৎসরের সম্পূর্ণ ইজারামূল্য, ভ্যাট ও আয়করসহ যথাক্রমে ১ম ও ২য় বৎসরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় স্বয়ংক্রিয়ভাবে বন্দোবস্ত/ইজারা বাতিল হবে এবং রক্ষিত ২০% জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। এক্ষেত্রে মহালটি পুনরায় বন্দোবস্ত/ইজারা প্রদানের ক্ষেত্রে মূল্যহ্রাস পেলে অথবা মহালটি ইজারা প্রদান সম্ভব না হলে অবশিষ্ট/সম্পূর্ণ টাকার দায় ইজারাপ্রাপ্ত সমিতির উপর বর্তাবে।

১৯। সরকারি নীতিমালা অনুযায়ী প্রত্যেক বছরের ইজারামূল্যের সাথে ১৫% ভ্যাট ও ১০% আয়কর পরিশোধ করতে হবে।

২০। কোনক্রমেই ২(দুই) টির অধিক জলমহল কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনকে ইজারা/বন্দোবস্ত দেয়া হবে না।

২১। ইজারা অনুমোদন কর্তৃপক্ষ কর্তৃক বন্দোবস্ত/ইজারা অনুমোদন হবার সাথে সাথে নিজ দায়িত্বে বন্দোবস্ত/ইজারা চুক্তি সম্পাদন ও সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি অফিস হতে ৩ (তিন) দিনের মধ্যে নিজ উদ্যোগে মহালের দখল গ্রহণ করতে হবে। যথাসময়ে মহালের দখল না পাওয়ার অজুহাতে পরবর্তীতে কোন ওজর আপত্তি গ্রহণ করা হবে না। লীজ চুক্তি সম্পন্ন ব্যতিত মহালের দখল হস্তান্তর করা হবে না এবং মহালের দখল গ্রহণ না করে মৎস্য আহরণ করা যাবে না।

২২। জলমহালের ইজারার মেয়াদ পহেলা বৈশাখ থেকে শুরু হবে এবং বছরের যেকোন সময়ে জলমহালের বন্দোবস্ত/ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ পহেলা বৈশাখ থেকে কার্যকর হবে এবং একই বছরের ৩০শে চৈত্র তারিখে তা শেষ হবে। যদি এই সময়ের মধ্যে কোন কারণে খাস কালেকশন করা হয় তবে তা সরকারি খাতে জমা হবে, ইজারাপ্রাপ্ত সমিতি/সংগঠন পাবে না।

২৩। ইজারা গ্রহীতা সমিতি কোনক্রমেই লীজকৃত জলমহাল কাহারও নিকট হস্তান্তর বা সাবলীজ প্রদান করতে পারবেন না। যদি সাবলীজ দেয়া হয় তাহলে উক্ত জলমহালের বন্দোবস্ত/ইজারা বাতিলসহ জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করে মহালটি পুনরায় বন্দোবস্ত/ইজারা প্রদান করা হবে। ঐ ইজারাপ্রাপ্ত সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবেন না।

২৪। সম্পূর্ণ ইজারামূল্য, মূল্য সংযোজন কর ও আয়কর বাবদ অর্থ পরিশোধ ব্যতিত মহালের লীজ দলিল সম্পাদনসহ দখল প্রদান করা হবে না। সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশ ও অন্যান্য কর যদি প্রযোজ্য হয় তাও পরিশোধ করতে ইজারা প্রাপ্ত সমিতি বাধ্য থাকবেন।

২৫। ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য ইজারাকৃত মহালের ইজারা মেয়াদের মধ্যে মহালটি সরকার বরাবরে সমর্পন/প্রত্যর্পন করা যাবে না।

২৬। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে আবেদনকারী সংক্ষুব্ধ সমিতি যদি জামানত ফেরৎ না নিয়ে থাকেন তবে উক্ত সিদ্ধান্তের ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে জেলা প্রশাসকের এর নিকট আপীল দায়ের করতে পারবেন।

২৭। যে সকল জলমহালের উপর উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্তের অপেক্ষায় অথবা কোন আদালতের স্থগিতাদেশ/স্থিতাবস্থার আদেশ/নিষেধাজ্ঞার আদেশ রয়েছে ঐ সকল মহালের স্থগিতাদেশ/স্থিতাবস্থার আদেশ/নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাহারের পর কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। এতদব্যতিত কোন মহালের উপর বা মহালের কোন দাগের উপর বিজ্ঞ/মহামান্য আদালতের স্থগিতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞার আদেশ থাকলে তা উল্লেখ করা না হলেও তা ইজারা বহির্ভূত থাকবে।

২৮। মামলা জনিত কারণে/উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশের কারণে বা অন্য কোন আইনসংগত কারণে জলমহালসমূহ সময়মত দখল না পাওয়ার বিষয়ে কোন অজুহাত গ্রহণযোগ্য হবে না। দখল প্রদানের সময়কাল পহেলা বৈশাখ ১৪৩৩ বাংলা সন হতে কার্যকর হবে।

২৯। জলমহাল ইজারা গ্রহণ করে কোন অজুহাত কিংবা আপত্তি দাখিল করলে তা গ্রহণযোগ্য হবে না। ইতোপূর্বে মহালের উপস্বত্ব ভোগ করা হয়েছে এ সংক্রান্ত আপত্তি গ্রহণ করা হবে না।

৩০। ইজারা গ্রহীতা সমিতি জলমহাল ইজারা গ্রহণ করে মাছ ধরার মৌসুমে সেচ দিয়ে সম্পূর্ণ পানি নিষ্কাশন করে অথবা বিষ প্রয়োগ করে মৎস্য আহরণ করতে পারবেন না। শর্ত অমান্যকারী সমিতির বিরুদ্ধে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩১। তালিকায় বর্ণিত জলমহালের বিস্তারিত তপশীল উপজেলা ভূমি অফিস হতে জানা যাবে।

৩২। উপরে বর্ণিত তথ্যাদি ছাড়াও অন্য কোন বিষয়ে জানতে হলে তা সংশ্লিষ্ট অফিস হতে জানা যাবে।

৩৩। জলমহাল ইজারা সম্পর্কিত যাবতীয় তথ্য উপজেলা ভূমি অফিস হতে প্রত্যহ অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

৩৪। আবেদনের সাথে মুসক নিবন্ধন সার্টিফিকেট "মুসক-৮" দাখিল করতে হবে।

৩৫। সর্বাবস্থায় সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা' ২০০৯ অনুসরণ করা হবে। অথ্যাৎ এ নীতিমালার আলোকে জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে।

৩৬। যেকোন আবেদন গ্রহণ বা বাতিলের বিষয়ে কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৪/১/২৬

খোশনূর রুবাইয়াৎ
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সিলেট সদর, সিলেট

স্মারক নম্বর- ৩১.৪৬.৯১৬২.০০০.৩২.০১১.২৫.১৭/১.(৫৭)

তারিখ: ২০ পৌষ ১৪৩২ / ০৪ জানুয়ারি ২০২৬

অনুলিপি- সদয় অবগতির জন্য ঃ

০১। জেলা প্রশাসক, সিলেট।
০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট।
০৪। জেলা মৎস্য কর্মকর্তা, সিলেট।
০৫। জেলা সমবায় কর্মকর্তা, সিলেট।
০৬। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট।
০৭। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সিলেট।
০৮। উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, সিলেট।
০৯। বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট।

অনুলিপি ঃ অবগতি ও বহুল প্রচারের জন্য-

১০-২২। উপজেলা নির্বাহী অফিসার, ..........................................(সকল), সিলেট।
২৩-৩৫। সহকারী কমিশনার (ভূমি)..........................................(সকল), সিলেট।
৩৫-৪০। উপজেলা.......................................................... কর্মকর্তা, সিলেট সদর, সিলেট।
৪১-৪৯। চেয়াম্যান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা..........................................................(সকল) ইউ/পি, সিলেট সদর, সিলেট।
৫০-৫৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ..........................................(সকল), সিলেট সদর, সিলেট। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৫৫। সম্পাদক, দৈনিক ..................................................... । এ সাথে প্রেরিত বিজ্ঞপ্তি আপনার দৈনিক পত্রিকার ভেতরের পাতায় সীমিত পরিসরে (Single space) কেবলমাত্র ০১ (এক) দিন জরুরি ভিত্তিতে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫৬। নোটিশ বোর্ড (সকল)।
৫৭। অফিস নথি/মাস্টার কপি।

০৪/০১/২০২৬

সরকার মামুনুর রশীদ
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সিলেট সদর, সিলেট